৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং-০৩

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ / ১৫ সেপ্টেম্বর ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**CIB রিপোর্টিং এবং অনুসন্ধান প্রসঙ্গে।**

শীর্ষোক্ত বিষয়ে এ বিভাগের এসিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ ২৩ মার্চ ২০২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির অনুচ্ছেদ নং-২.১.৬ এবং ২.১.১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত এসিডি সার্কুলার লেটার নং-০১ এর সূত্রে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো কর্তৃক ৫ মে ২০২৫ তারিখে জারিকৃত সিআইবি সার্কুলার লেটার নং-০২ এর মাধ্যমে কৃষি ও পল্লী ঋণের আওতাভুক্ত শস্য-ফসল খাতসহ অন্যান্য সকল খাতে সর্বোচ্চ ২.৫০ লক্ষ টাকা পর্যন্ত নতুন ঋণ আবেদন বা বিদ্যমান ঋণ নবায়নের সাথে সংশ্লিষ্ট Borrower, Co-borrower, Guarantor এর প্রস্তুতকৃত CIB রিপোর্টের ক্ষেত্রে আরোপযোগ্য সার্ভিস চার্জ মওকুফের সুযোগ প্রদান করা হয়। তবে গ্রাহকের নিকট হতে CIB চার্জ আদায় করলেও ব্যাংকসমূহ বিতরণকৃত কৃষি ও পল্লী ঋণের মধ্যে খুবই অল্প সংখ্যক ঋণের বিপরীতে CIB চার্জ পুনর্ভরণের নিমিত্ত বাংলাদেশ ব্যাংকে আবেদন করছে। ফলশ্রুতিতে বিপুল সংখ্যক ঋণগ্রহীতা উক্ত চার্জ মওকুফের সুবিধা হতে বঞ্চিত হচ্ছেন। উল্লেখ্য, কৃষি ও পল্লী ঋণ নীতিমালার অনুচ্ছেদ নং ২.১.৬ এ অগ্রাধিকার খাত হিসেবে গ্রাহক পর্যায়ে স্বল্পসুদে কৃষি ও পল্লী ঋণ প্রাপ্তির নিশ্চয়তার জন্য ব্যাংকসমূহ কর্তৃক নির্ধারিত সুদ ব্যতীত অন্য কোন প্রকার চার্জ, প্রসেসিং/মনিটরিং ফি ইত্যাদি (যে নামেই অভিহিত করা হউক) ধার্য করা যাবে না মর্মে শর্তারোপ করা হয়েছে।

৩। এক্ষণে, ঋণ প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে ২.৫০ লক্ষ পর্যন্ত ব্যাংকের নিজস্ব চ্যানেলে (ব্যাংক-MFI/NGO লিংকেজ ব্যতীত) কৃষি ও পল্লী ঋণের মঞ্জুরি বা নবায়নের ক্ষেত্রে গ্রাহকদের নিকট হতে CIB চার্জ আদায় না করার নির্দেশনা প্রদান করা হলো।

৪। এ বিভাগের জারিকৃত উক্ত সার্কুলার লেটার ও নীতিমালায় বর্ণিত অপরাপর নির্দেশনাসমূহ যথারীতি বলবৎ থাকবে।

৫। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(দেবাশীষ সরকার)
পরিচালক (এসিডি)
ফোন: ৯৫৩০১৩৮

ফোন : ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৩০৪৭৯, Web : www.bb.org.bd